ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩০৬

আগরতলা,২৩ এপ্রিল,২০২৫

# নির্বাচনী কর্মকর্তাদের জন্য ই.সি.আই. কর্তৃক দক্ষতা বৃদ্ধি কর্মসূচি

নির্বাচন কমিশন নয়াদিল্লির ইন্ডিয়ান ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট (আই.আই.আই.ডি.ই.এম.)-এ বুথ লেভেল অফিসারদের (বিএলও) ২ দিনের প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধি কর্মসূচির আয়োজন করেছে। আসন্ন বিহার বিধানসভা নির্বাচনের জন্য নিযুক্ত বি.এল.ও.-দের এটি তৃতীয় ব্যাচের প্রশিক্ষণ। রাজ্য থেকে ২২৯ জন বি.এল.ও., ১২ জন ই.আর.ও. এবং ২ জন ডি.ই.ও. এই ২ দিনের প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করছেন। রাজ্য পুলিশ নোডাল অফিসার (এস.পি.এন.ও.) এবং বিহারের পুলিশ অফিসারদের জন্য একটি বিশেষ একদিনের প্রশিক্ষণ কর্মসূচিও আজ শুরু হয়েছে। নয়াদিল্লির আই.আই.আই.ডি.ই.এম.-এ ভারতের মুখ্য নির্বাচন কমিশনার শ্রী জ্ঞানেশ কুমার এবং নির্বাচন কমিশনার ড. বিবেক যোশীর উপস্থিতিতে এই প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন হয় এবং এরপর অংশগ্রহণকারীদের সাথে মতবিনিময় করা হয়।

এই প্রশিক্ষণের মাধ্যমে বি.এল.ও.-দের বিধিবদ্ধ কাঠামোর মধ্যে থেকে তাদের ভূমিকা ও দায়িত্ব সম্পর্কে অবগত করা ও ত্রুটিমুক্ত ভোটার তালিকা সুনিশ্চিত করতে দক্ষ করে তোলার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। তাদের দায়িত্ব পালনে সহায়তাকারী আইটি অ্যাপ্লিকেশনগুলি সম্পর্কেও প্রশিক্ষণ দেওয়া হবে।

আই.আই.আই.ডি.ই.এম.-এ চলমান এই প্রশিক্ষণ কর্মসূচির প্রথম ধাপে এটি সর্বশেষ সংযোজন, যেখানে নির্বাচনমুখী বিহার, পশ্চিমবঙ্গ এবং আসাম রাজ্য থেকে ৫৫৫ জন বি.এল.ও. এবং বিহারের ১০টি স্বীকৃত জাতীয় ও রাজ্য রাজনৈতিক দলের ২৭৯ জন বুথ লেভেল এজেন্টকে (বি.এল.এ.-১) ইতিমধ্যেই প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এই সুপ্রশিক্ষিত বি.এল.ও.-রা দেশব্যাপী বি.এল.ও.-দের সমগ্র নেটওয়ার্ককে শক্তিশালী করার জন্য অ্যাসেম্বলি লেভেল মাস্টার ট্রেনার্স (এ.এল.এম.টি.এস.)-এর একটি দল গঠন করবে।

বিহারের এস.পি.এন.ও. এবং পুলিশ অফিসারদের প্রশিক্ষণ কর্মসূচির লক্ষ্য হলো উন্নত নির্বাচনী ব্যবস্থাপনার জন্য নির্বাচন কর্তৃপক্ষ এবং পুলিশের মধ্যে সমন্বয় উন্নত করা, বিশেষ করে আইন ও শৃঙ্খলা, দুর্বলতা মূল্যায়ন, আধাসামরিক বাহিনী (সি.এ.পি.এফ.) মোতায়েন এবং আদর্শ আচরণবিধি (এম.সি.সি.) প্রয়োগের ক্ষেত্রে দক্ষ করে তোলা।

আজ পর্যন্ত অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য, মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রাজিল, মিশর, ফ্রান্স, ইন্দোনেশিয়া, ইসরায়েল, রাশিয়া এবং দক্ষিণ আফ্রিকার মতো বৃহৎ গণতন্ত্র সহ ১৪১টি দেশের ৩০০০ জনেরও বেশি অংশগ্রহণকারী আই.আই.আই.ডি.ই.এম.-এর বিশ্বব্যাপী প্রশংসিত নির্বাচনী ব্যবস্থাপনা পদ্ধতির প্রশিক্ষণ কর্মসূচি থেকে উপকৃত হয়েছেন।

*****